

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

আগারগাঁও, ঢাকা

তারিখ: ২ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

প্রবাসীদের সুবিধা দিয়ে ব্যাগেজ রুলস সংশোধন করেছে জাতীয় রাজস্ব বোর্ড

বিদ্যমান ব্যাগেজ রুলস আরো কার্যকর ও যাত্রীবান্দুর করার উদ্দেশ্যে বিগত ২ জুন, ২০২৫ তারিখে জাতীয় রাজস্ব বোর্ড নতুন ব্যাগেজ রুলস (অপর্যটক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৫) জারি করে, যা ২ জুলাই, ২০২৫ তারিখে কার্যকর হবে। পরবর্তীতে বিভিন্ন অংশীজন এবং মাঠ পর্যায়ের দপ্তরসমূহের মতামত বিবেচনায় নিয়ে প্রবাসী বাংলাদেশীদের বাগেজ সুবিধা বৃদ্ধিসহ কতিপয় বিষয় এসআরও নং ৩১২-আইন/১০২৫/১০২/কাস্টমস তারিখ ০২/০৭/২৫ এর মাধ্যমে সংশোধন করা হয়। সর্বশেষ সংশোধনসহ সার্বিক বিবেচনায় নতুন ব্যাগেজ রুলস এর উল্লেখযোগ্য পরিবর্তনগুলো নিম্নরূপ:

- বিদ্যমান ব্যবস্থায় শুল্ক পরিশোধ করে একজন যাত্রী একটি নতুন মোবাইল ফোন আনতে পারেন। পরিবর্তিত ব্যবস্থায় একজন ভ্রমণকারী যাত্রী শুল্ক পরিশোধ না করে প্রতি বছরে একবার একটি নতুন মোবাইল ফোন আনতে পারবেন। তবে, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ বুরো কর্তৃক ইস্যুকৃত BMET কার্ডধারী এবং ন্যূনতম ০৬ মাস বিদেশে অবস্থান করেছেন এমন প্রবাসী বাংলাদেশী কোন শুল্ক-কর না দিয়ে বছরে ২ টি নতুন মোবাইল ফোন আনতে পারবেন;
- নতুন ব্যবস্থায়, কোনরূপ শুল্ক-কর পরিশোধ না করে একজন যাত্রী কোন পঞ্জিকা বছরে একবার ভ্রমণে অথবা কয়েকবার ভ্রমণে সর্বমোট ১০০ গ্রাম ওজনের স্বর্ণালংকার বা ২০০ শত গ্রাম ওজনের রোপ্যের অলংকার আনতে পারবেন;
- নতুন ব্যবস্থায়, তোলা প্রতি ৫ হাজার টাকা শুল্ক-কর পরিশোধ করে একজন যাত্রী কোন পঞ্জিকা বছরে একবার ১০ তোলা ওজনের একটি স্বর্ণবার আনতে পারবেন;
- বিদেশ হতে আগত সকল যাত্রী অনলাইনে ব্যাগেজ ঘোষণা ফরম জমা প্রদান করতে পারবেন। তবে ব্যাগেজ সুবিধার অপব্যবহার রোধকল্পে কাস্টমস হল (Customs hall) বা কাস্টমস এলাকা ত্যাগ করার পূর্বেই ব্যাগেজ ঘোষণা প্রদান বাধ্যতামূলক করা হয়েছে।

উল্লিখিত পরিবর্তন ব্যতীত ব্যাগেজ রুল সংক্রান্ত অন্যান্য সুবিধাবলী অপরিবর্তিত রয়েছে।

-জাতীয় রাজস্ব বোর্ড